

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.most.gov.bd

নং- ৩৯.০০.০০০০.০৯.০৬.৭৯.২০১৭/ ০৯


তারিখঃ ২২ কার্তিক ১৪২৪  
০৬ নভেম্বর ২০১৭

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে “বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণা” মঞ্জুরী খাত হতে বিশেষ গবেষণা অনুদানের জন্য নির্বাচিত প্রকল্পসমূহের প্রিন্সিপাল ইনভেস্টিগেটর কর্তৃক বিল দাখিল প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে অনুদানের জন্য নির্বাচিত প্রকল্পসমূহের প্রকল্প পরিচালকগণকে সরকারি আদেশ (জিও)-এর নির্দেশনা মোতাবেক ১ম ও ২য় কিস্তি (মোট অনুদানের ৫০%) অনুদানের জন্য বিল ফরম পূরণপূর্বক মন্ত্রণালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। বিল পাওয়ার পর বিল প্রতিস্বাক্ষর করে চেক ইস্যুর জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট প্রেরণ করা হবে। এতদসঙ্গে জিও-র কপি প্রেরণ করা হলো এবং বিল ফরম, নমুনা স্বাক্ষরের ফরম ও নীতিমালায় উল্লেখিত অঙ্গীকারনামার ফরম (Annexure-L) এবং পূর্ণাঙ্গ ঠিকানার ফরম (Annexure-M) www.most.gov.bd ওয়েবসাইট থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

২.০ আগামী ১৫ নভেম্বর ২০১৭ তারিখের মধ্যে বিল ফরম (৪ সেট), নমুনা স্বাক্ষর ফরম (৪ সেট), প্রকল্প পরিচালক (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর) ও এসোসিয়েট ইনভেস্টিগেটর এর সাম্প্রতিক সময়ের ৪ (চার) কপি ছবি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১ (এক) কপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) এবং বে-সরকারি সংস্থার ক্ষেত্রে সংস্থা প্রধানেরও সাম্প্রতিক সময়ের ৪ (চার) কপি ছবি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১ (এক) কপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) করে সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বরাবর দাখিলের জন্য বিনীত অনুরোধ করা হলো। উল্লেখ্য, বিল ফরমে ১০ (দশ) টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প, ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা (Annexure-L) ও পূর্ণাঙ্গ ঠিকানার ফরম (Annexure-M) যথাযথভাবে পূরণপূর্বক দাখিল করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে (৫ ফর্দ)।

  
(ড. মো: গোলাম মোস্তাফা)  
উপসচিব  
ফোন: ৯৫৭৬৫৩৯  
ই-মেল: section9@most.gov.bd

২০১৭-২০১৮ অর্থ বছরে বিশেষ অনুদানের জন্য নির্বাচিত প্রকল্পসমূহের  
প্রকল্প পরিচালক /প্রিন্সিপাল ইনভেস্টিগেটর (সকল)

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
- ৩। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত সচিব (বি:প্র:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি